

২২. শ্রীমতী (৬.৩)

২৪/০৩/১৯



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০২৫.৫০.০৬৯.১৯- ৬১৪(৩-৪০)

তারিখ : ১৩ চৈত্র ১৪২৫  
২৭ মার্চ ২০১৯

বিষয় : ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে মেয়র পদে অংশগ্রহণের জন্য নিবন্ধিত রাজনৈতিক দলকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরসহ তালিকা সরবরাহ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ০৫ মে ২০১৯ তারিখে ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। মাননীয় নির্বাচন কমিশনের নির্দেশনা অনুসারে রিটার্নিং অফিসার উক্ত নির্বাচনের গণবিজ্ঞপ্তি জারি করেছেন। সিটি কর্পোরেশনের মেয়র পদে নির্বাচনে অংশগ্রহণের জন্য স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২(৩) (গ) (ইইই) নিম্নরূপঃ

“(ইইই) রাজনৈতিক দলের মনোনীত মেয়র প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকিবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হইতে মনোনয়ন দেওয়া হইয়াছে;

তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন সিটি কর্পোরেশনের মেয়র পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনে উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে;

আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল কোন ব্যক্তিকে মনোনয়ন প্রদানের ক্ষমতা প্রদান করিলে উক্ত দলের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ৭ (সাত) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনেও প্রেরণ করিবে;”

০২। এমতাবস্থায়, উপর্যুক্ত নির্বাচনে অংশগ্রহণ করতে ইচ্ছুক নিবন্ধিত রাজনৈতিক দলসমূহকে উক্ত বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

সংযুক্তিঃ

- (১) রিটার্নিং অফিসার নিয়োগের প্রজ্ঞাপন
- (২) নির্বাচন অনুষ্ঠানের সময়সূচির প্রজ্ঞাপন
- (৩) স্থানীয় সরকার ( সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর সংশ্লিষ্ট অংশ

২৪/০৩/১৯  
(মোঃ আব্দুল হালিম খান)  
উপসচিব (নিঃসঃওসঃ)  
নির্বাচন কমিশন সচিবালয়  
ফোনঃ ০২৫৫০০৭৫১৬

প্রাপক : সভাপতি/সাধারণ সম্পাদক

নিবন্ধিত রাজনৈতিক দল (একন)

নং-১৭.০০.০০০০.০২৫.৫০.০৬৯.১৯ - ৬৩৪ (৩-৪৩)

তারিখ: ১৩ চৈত্র ১৪২৫  
২৭ মার্চ ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ ও আপিল কর্তৃপক্ষ
৩. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ ও রিটার্নিং অফিসার
৭. পরিচালক (জনসংযোগ) ও যুগ্মসচিব (চঃ দাঃ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হলো]
৮. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৯. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. জেলা নির্বাচন কর্মকর্তা,.....(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
১১. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১২. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..... নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪. সহকারী সচিব, সাধারণ সেবা-১, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [পত্রটি জরুরী ভিত্তিতে ডেসপাস রাইডারের মাধ্যমে বিতরণ নিশ্চিতের অনুরোধসহ]
১৫. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, .....(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

সহকারী সচিব  
২৭-০৩-১৯  
(রৌশন আরা বেগম)  
সহকারী সচিব  
নির্বাচন কমিশন সচিবালয়  
ফোন: ০২-৫৫০০৭৫৫৫